ফেসবুকে ভিডিও পোস্ট নিয়ে মানহানির আশঙ্কা, গাংনী থানায় সাধারণ ডায়েরি

মেহেরপুরের গাংনী উপজেলায় ফেসবুকে একটি ভিডিও পোস্টকে কেন্দ্র করে মানহানির আশঙ্কার অভিযোগ তুলে থানায় সাধারণ ডায়েরি (জিডি) করেছেন এক ব্যক্তি।

গতকাল বুধবার গাংনী থানায় লিখিত এ আবেদন করেন উপজেলার ঢেপা গ্রামের বাসিন্দা ও এনটিভি মেহেরপুর জেলা প্রতিনিধি মোঃ রেজ-আন-উল বাসার (তাপস)।

জিডি আবেদনে তিনি উল্লেখ করেন, গত ১৬ মে সকাল আনুমানিক ১০টার দিকে “1xViral Video Taposh” নামের একটি ফেসবুক আইডি থেকে তাকে নিয়ে একটি ভিডিও পোস্ট করা হয়। ভিডিওটি সামাজিক যোগাযোগমাধ্যমে প্রচারের ফলে তার ব্যক্তিগত সুনাম, সামাজিক মর্যাদা ও পেশাগত ভাবমূর্তি ক্ষুণ্ন হওয়ার আশঙ্কা তৈরি হয়েছে বলে আবেদনে উল্লেখ করা হয়।

আবেদনকারী অভিযোগ করেন, ভিডিওটি উদ্দেশ্যপ্রণোদিতভাবে প্রচার করা হয়ে থাকতে পারে, যা তাকে সামাজিকভাবে হেয়প্রতিপন্ন করার পাশাপাশি ব্যক্তিগত ও পেশাগতভাবে ক্ষতিগ্রস্ত করতে পারে। এ ঘটনায় বিষয়টি তদন্ত করে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য গাংনী থানার হস্তক্ষেপ কামনা করা হয়েছে।

এ বিষয়ে গাংনী থানার পক্ষ থেকে জানানো হয়েছে, লিখিত আবেদন পাওয়া গেছে। অভিযোগটি খতিয়ে দেখে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা নেওয়া হবে।